

C.U.

BENGALI (HONOURS) QUESTION PAPERS—2013

(Part - I & II)

Part - I

প্রথম পত্র — ২০১৩

পূর্ণমান—১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

(বাংলা সাহিত্যের ইতিহাস)

১। (ক) চর্যাপদের আবিষ্কার্তা, আবিষ্কারকাল, প্রকাশকাল, প্রকাশনা সংস্থা ও মূল নাম উল্লেখ করো। চর্যাপদের সাধক-কবিরা ধর্মবোধের কথা বলতে গিয়ে প্রকৃতপক্ষে বাস্তবচর্চিত জীবনযাত্রার কথা কীভাবে বলেছেন তা আলোচনা করো। ৫+১০
অথবা, (খ) মঙ্গল কাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ধর্মমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবির কৃতিত্ব পর্যালোচনা করো। ৫+১০

২। যে-কোনো দুটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও : ৫×২
শ্রীকৃষ্ণকীর্তন, শ্রীরামপাঁচালী, চৈতন্যভাগবত, পদ্মাবতী, বিদ্যাসুন্দর।

৩। (ক) শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজকে বাংলা গদ্যের 'সূতিকাগার' বলার কারণগুলি উল্লেখ করে বাংলা গদ্যভাষার ইতিহাসে প্রতিষ্ঠানদুটির গুরুত্ব নির্ণয় করো। ৫+১০

অথবা, (খ) বাংলা কাব্য-সাহিত্যের ইতিহাসে জীবনানন্দ দাশের কবিপ্রতিভার পরিচয় দাও। ১৫

৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) : ৫×২

সীতার বনবাস, আলালের ঘরের দুলাল, পরিব্রাজক, সবুজপত্র, নকসী কাঁথার মাঠ।

৫। (ক) গণনাট্যের বৈশিষ্ট্যের কথা মাথায় রেখে বাংলা নাট্যসাহিত্যে বিজন ভট্টাচার্যের ভূমিকা ও স্বাতন্ত্র্য সম্পর্কে আলোচনা করো। ১৫

অথবা, (খ) বাংলায় প্রথম সার্থক উপন্যাস রচয়িতা কে? ঐতিহাসিক উপন্যাস রচনায় তাঁর কৃতিত্ব আলোচনা করো। ১+১৪

৬। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোনো দুটি) : ৫×২

ঘরে-বাইরে, জাগরী, নীলদর্পণ, প্রথম প্রতিশ্রুতি, সাজাহান।

(বাংলা ভাষার ইতিহাস)

৭। (ক) নব্যভারতীয় আর্থভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস বিবৃত করো। ১৫

অথবা, (খ) বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের প্রধান ধারাগুলি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১৫

- ৮। (ক) উপযুক্ত উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো দুটি) : ৫×২
মূর্খনীভবন, আদিষ্্বরলোপ, স্বরসঙ্গতি, লোকনিরুক্তি, সমাক্ষরলোপ।
অথবা, (খ) যে-কোনো পাঁচটি শব্দের ভাষাতাত্ত্বিক টীকা লেখো : ২×৫
দাম, ভাত, মাসি, আঠারো, ঝি, গাঙ, লাউ, আইবুড়ো, হাত, পিলে।

দ্বিতীয় পত্র — ২০১৩

পূর্ণমান—১০০

- ১। (ক) কলাবৃত্ত বা ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০
অথবা, (খ) সংজ্ঞা ও দৃষ্টান্তসহ পরিচয় দাও (যে-কোনো দুটি) : ৫×২
দল, কলা, পর্ব, যতিলোপ, সনেট।

- ২। যে-কোনো দুটি অংশের ছন্দোলিপি রচনা করো : ৫×২
(মাত্রা, পর্ব, পদ, লয় রীতি উল্লেখ করা আবশ্যিক)

- (ক) সত্য করে কহো মোরে হে বৈষ্ণব কবি,
কোথা তুমি পেয়েছিলে এই প্রেমচ্ছবি,
কোথা তুমি শিখেছিলে এই প্রেমগান
বিরহ-তাপিত। হেরি কাহার নয়ান,
রাধিকার অশ্রু-আঁখি পড়েছিল মনে।

- (খ) তুমি পথ হতে নেমে

যেখানে দাঁড়ালে

সেখানেই আছ থেমে

এই তৃণ, এই ধূলি — ওই তারা, ওই শশী-রবি,

তুমি ছবি, তুমি শুধু ছবি।

- (গ) তখন, গাহিতেছিল সে তরুশাখা' পরে সুললিত স্বরে পাপিয়া;

তখন, দুলিতেছিল সে তরুশাখা ধীরে প্রভাত সমীরে কাঁপিয়া।

- (ঘ) ও মঞ্জরী, ও মঞ্জরী, আমের মঞ্জরী,

আজ হৃদয় তোমার উদাস হয়ে পড়ছে কি বারি।

- (ঙ) প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য

এসে গেছে ধ্বংসের বার্তা।

দুর্যোগে পথ হয় হোক দুর্বোধ্য

চিনে নেবে যৌবন আত্মা।

- ৩। (ক) উপমা অলংকার কাকে বলে? এই অলংকারের বিবিধ প্রকারভেদের নামোল্লেখ করে যে-কোনো দুটি প্রকারের দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো। ৪+৩+৮

- অথবা, (খ) যে-কোনো তিনটি অলংকারের সংজ্ঞা ও দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো : ৫×৩

শ্লেষ, ব্যতিরেক, অর্থাস্তরন্যাস, বিরোধ, দৃষ্টান্ত।